



রাষ্ট্রীয়ভাবে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান

সাধারণ বীমা কর্পোরেশন

SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

www.sbc.gov.bd

স্মারক নং- ৫৩.০৭.০০০০.২০১.১১.০০৫.২৪/ ৫৯

তারিখঃ ১১-০১-২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন-এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদের জন্য আবশ্যিকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ-

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	আবেদনের যোগ্যতা
১.	মেডিকেল অফিসার (খণ্ডকালীন)	০১টি	ক) এমবিবিএস ডিগ্রী থাকতে হবে; খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) এর রেজিস্ট্রেশন (হালনাগাদ নবায়িত) থাকতে হবে; এবং গ) উচ্চতর ডিগ্রীধারী, অবসরপ্রাপ্ত সরকারি চিকিৎসক এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
<b>অন্যান্যঃ</b>			
নিয়োগের মেয়াদঃ	প্রাথমিক নিয়োগ হবে ০১ (এক) বছরের জন্য। সেবার মান সন্তোষজনক হলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নিয়োগের মেয়াদ নবায়নযোগ্য।		
মাসিক সম্মানীঃ	টাকাঃ ৫০,০০০/- (সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর কর্তনযোগ্য)।		
দায়িত্ব পালনের সময়ঃ	সরকারি ছুটির দিন ব্যতীত প্রতি কর্মদিবসে সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত (৪ ঘণ্টা) দায়িত্ব পালন করতে হবে। (অফিসের সময়ের সাথে পরিবর্তনযোগ্য)		

### শর্তাবলীঃ

#### ১। প্রার্থীদেরকে নিম্নবর্ণিত তথ্য সম্বলিত আবেদনপত্র পেশ করতে হবেঃ

- নাম (স্পষ্ট অক্ষরে বাংলা ও ইংরেজিতে);
- পিতা/স্বামী ও মাতার নাম (বাংলা ও ইংরেজিতে);
- স্থায়ী ঠিকানা;
- বর্তমান ঠিকানা (পত্র যোগাযোগের ঠিকানা);
- মোবাইল নম্বর;
- ই-মেইল;
- জন্ম তারিখ;
- শিক্ষাগত যোগ্যতা (পাশের সন/বিভাগ/রোল নম্বর/রেজিস্ট্রেশন নম্বর/বোর্ড/বিশ্ববিদ্যালয় উল্লেখ করতে হবে);
- BMDC এর রেজিস্ট্রেশন নম্বর;
- অভিজ্ঞতা; ও
- রেফারেন্স হিসেবে দুইজন দায়িত্বশীল ব্যক্তির নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

#### ২। আবেদনকারীর বয়সসীমা (১১-০১-২০২৪ তারিখে বয়স):

বর্ণিত পদের জন্য সর্বোচ্চ ৬০ বছর (বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

#### ৩। আবেদন পত্রের সাথে যে সমস্ত কাগজপত্র/ডকুমেন্টস দাখিল করতে হবেঃ

- রাষ্ট্রীয়ত্ব যে কোন তফসিলি ব্যাংকের শাখা হতে “সাধারণ বীমা কর্পোরেশন” এর অনুকূলে ‘মেডিকেল অফিসার (খণ্ডকালীন)’ পদের জন্য টাকা ৬০০.০০ (ছয়শত মাত্র) এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য);
- আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ৩ (তিন) কপি সত্যায়িত ছবি;
- আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
- BMDC এর হালনাগাদ রেজিস্ট্রেশনের সত্যায়িত কপি;
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি;
- চাকুরিরত প্রার্থীদের বর্তমান প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র;

#### ৪। অন্যান্য তথ্য ও নির্দেশনাবলীঃ

- আবেদনপত্রে এবং খামের উপরে আবেদনকারীর নাম ও পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না;
- আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকে নিয়োগ সংক্রান্ত পরবর্তী কার্যক্রমের জন্য বিবেচনা করা হবে;
- পরীক্ষা/সাক্ষাৎকারে হাজির হওয়ার জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না;
- সরকার কর্তৃক নিয়োগ সংক্রান্ত বিষয়ে জারিকৃত নীতিমালা অনুসরণ করা হবে;
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;
- অসম্পূর্ণ/ভুলটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;
- কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

আবেদনপত্র “জেনারেল ম্যানেজার, মানব সম্পদ বিভাগ, জি.এম. সচিবালয় (১০ম তলা), সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০” এর বরাবরে অবশ্যই ডাকঘোষে আগামী ০৭-০২-২০২৪ তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

আবেদন পৌঁছানোর শেষ তারিখ

০৭-০২-২০২৪ খ্রি.

(জ্যোৎস্না বিকাশ চাকমা)

জেনারেল ম্যানেজার (মানব সম্পদ)

ও

সদস্য সচিব

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি